ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রার দপ্তর
নিয়োগ ও পদোন্নতি শাখা
ওয়েস্ট ধানমন্ডি বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং-ইআবি.রেজি.নিয়োগ.২০২৫.১২২৬

তারিখ: ০৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২০ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

## সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদসমূহে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদসমূহের পাশে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্রম. | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়স |
|---|---|---|---|
| ১. | কম্পিউটার অপারেটর, গ্রেড-১১ (১২,৫০০-৩০,২৩০/-) | ২০ টি | অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর |
| ২. | স্টোর কিপার, গ্রেড-১৩ (১১,০০০-২৬,৫৯০/-) | ০১ টি | অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর |
| ৩. | ডাটা এন্ট্রি অপারেটর, গ্রেড-১৩ (১১,০০০-২৬,৫৯০/-) | ০১ টি | অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর |
| ৪. | ক্যামেরাম্যান/ফটোগ্রাফার, গ্রেড-১৩ (১১,০০০-২৬,৫৯০/-) | ০২ টি | অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর |
| ৫. | অফিস সহকারী কাম-কম্পিউটার টাইপিস্ট, গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ০২ টি | অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর |
| ৬. | ইলেকট্রিশিয়ান, গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ০১ টি | অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর |
| ৭. | ড্রাইভার, গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ০৫ টি | অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর |
| ৮. | খাদেম, গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ০১ টি | অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর |
| ৯. | ফটোমেশিন অপারেটর, গ্রেড-১৮ (৮,৮০০-২১,৩১০/-) | ০৭ টি | অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর |
| ১০. | গ্রন্থাগার এটেনডেন্ট, গ্রেড-১৯ (৮,৫০০-২০,৫৭০/-) | ০১ টি | অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর |
| ১১. | কুক, গ্রেড-১৯ (৮,৫০০-২০,৫৭০/-) | ০১ টি | অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর |
| ১২. | অফিস সহায়ক, গ্রেড-২০ (৮,২৫০-২০,০১০/-) | ০৭ টি | অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর |
| ১৩. | আয়া, গ্রেড-২০ (৮,২৫০-২০,০১০/-) | ০২ টি | অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর |

প্রতিটি পদে আবেদন করার জন্য বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম ও নিয়োগের বিস্তারিত শর্তাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (**www.iau.edu.bd**) পাওয়া যাবে। আগ্রহী প্রার্থীদের আবেদনপত্রের সাথে নির্ধারিত তথ্যছক পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, পশ্চিম ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১ বরাবর আগামী ২১ এপ্রিল ২০২৫ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি অফিস চলাকালীন (সকাল ৯.০০ টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত) পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোনো ধরনের কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র এবং এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল অথবা নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/সংশোধন ও পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২০.০৩.২০২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১
ই-মেইল: iauregistr@gmail.com

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রার দপ্তর
নিয়োগ ও পদোন্নতি শাখা
ওয়েস্ট ধানমন্ডি বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং-ইআবি.রেজি.নিয়োগ.২০২৫.১২২৭

তারিখ: ০৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২০ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

## সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদসমূহে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদসমূহের পাশে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে:

| | | | |
|---|---|---|---|
| ১. | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১১ (১২,৫০০-৩০,২৩০/-)<br>বয়স: অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর | ২০ টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় শ্রেণির স্নাতক অথবা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার বিষয়ে ০৬ (ছয়) মাস মেয়াদি কোর্স সার্টিফিকেট থাকতে হবে; এবং<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitute Test-এ উত্তীর্ণ হতে হবে। |
| ২. | স্টোর কিপার<br>গ্রেড-১৩ (১১,০০০-২৬,৫৯০/-)<br>বয়স: অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর | ০১ টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ বা সমমানের জিপিএ/সিজিপিএ-সহ ন্যূনতম স্নাতক ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় পারদর্শী হতে হবে; এবং<br>(গ) শিক্ষা জীবনের কোনো স্তরেই তৃতীয় শ্রেণি/বিভাগ বা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ৩. | ডাটা এন্ট্রি অপারেটর<br>গ্রেড-১৩ (১১,০০০-২৬,৫৯০/-)<br>বয়স: অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর | ০১ টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২৫ (পঁচিশ) শব্দ এবং ইংরেজিতে ৩০ (ত্রিশ) শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitute Test-এ উত্তীর্ণ হতে হবে; এবং<br>(গ) শিক্ষা জীবনের কোনো স্তরেই তৃতীয় শ্রেণি/বিভাগ বা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ৪. | ক্যামেরাম্যান/ফটোগ্রাফার<br>গ্রেড-১৩ (১১,০০০-২৬,৫৯০/-)<br>বয়স: অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর | ০২ টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক বা সমমানের ডিগ্রিসহ ফটোগ্রাফার হিসেবে অন্যূন ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; |
| ৫. | অফিস সহকারী কাম-কম্পিউটার টাইপিস্ট<br>গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-)<br>বয়স: অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর | ০২ টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে কমপক্ষে ২য় বিভাগ বা সমমানের জিপিএ সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সরকার অনুমোদিত কোনো প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে কমপক্ষে ০৬ (ছয়) মাস মেয়াদি প্রশিক্ষণ; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি:<br>১। বাংলায় ২০ (বিশ) শব্দ এবং ২। ইংরেজিতে ২০ (বিশ) শব্দ থাকতে হবে। |
| ৬. | ইলেকট্রিশিয়ান<br>গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-)<br>বয়স: অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর | ০১ টি | (ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ইলেকট্রিক্যাল এ ট্রেড কোর্স থাকতে হবে;<br>(খ) সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; এবং<br>(গ) শিক্ষা জীবনের কোনো স্তরেই তৃতীয় শ্রেণি/বিভাগ বা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |

| | | | |
|---|---|---|---|
| ৭. | ড্রাইভার<br>গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-)<br>বয়স: অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর | ০৫ টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) গাড়ি চালনায় বৈধ লাইসেন্স থাকতে হবে;<br>(গ) সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৮. | খাদেম<br>গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-)<br>বয়স: অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর | ০১ টি | (ক) বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে ন্যূনতম দাখিল পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) প্রার্থীকে সুমধুর কণ্ঠস্বর ও বিশুদ্ধ কুরআন তেলওয়াতকারী হতে হবে এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থী অগ্রাধিকার পাবেন। |
| ৯. | ফটোমেশিন অপারেটর<br>গ্রেড-১৮ (৮,৮০০-২১,৩১০/-)<br>বয়স: অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর | ০৭ টি | কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১০. | গ্রন্থাগার এটেনডেন্ট<br>গ্রেড-১৯ (৮,৫০০-২০,৫৭০/-)<br>বয়স: অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর | ০১ টি | কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে। লাইব্রেরি সাইন্সে ডিপ্লোমাধারীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ১১. | কুক<br>গ্রেড-১৯ (৮,৫০০-২০,৫৭০/-)<br>বয়স: অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর | ০১ টি | কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১২. | অফিস সহায়ক<br>গ্রেড-২০ (৮,২৫০-২০,০১০/-)<br>বয়স: অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর | ০৭ টি | কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ১৩. | আয়া<br>গ্রেড-২০ (৮,২৫০-২০,০১০/-)<br>বয়স: অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর | ০১ টি | কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |

**শর্তাবলী**

১. সকল পদের জন্য আগ্রহী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত কপি, নাগরিক সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করে জমা দিতে হবে। (প্রয়োজনীয় কাগজপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করা যাবে);

২. আবেদন ফরম পূরণ করে ডাকযোগে/সরাসরি আগামী ২১ এপ্রিল, ২০২৫ তারিখের মধ্যে অফিস সময়ে (সকাল ৯.০০ টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত) ০৮ (আট) সেট আবেদনপত্র রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, পশ্চিম ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১ ঠিকানায় পৌছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে আবেদনপত্র কোনভাবেই গ্রহণ করা হবে না;

৩. 'রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়' অগ্রণী ব্যাংক, সাতমসজিদ রোড শাখা, ঢাকা এর অনুকূলে অগ্রণী ব্যাংক-এর যে কোন শাখা হতে ১ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকা, ২-৮ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ১০০.০০ (একশত) টাকা, ৯-১৩ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ৫০.০০ (পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে;

৪. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে;

৫. আবেদনকারীর বয়স সীমা ২০ মার্চ ২০২৫ তারিখে অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর হতে হবে;

৬. নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকার ও বিশ্ববিদ্যালয় কর্তৃক জারিকৃত সর্বশেষ বিধি-বিধান/নির্দেশনা অনুসরণ করা হবে;

৭. প্রার্থীর যোগাযোগের বর্তমান ঠিকানাসহ ১০ টাকার ডাকটিকিট সংযুক্ত (২৫×১১ সেঃমিঃ/১০×৪.৫ ইঞ্চি সাইজ) দু'টি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে;

৮. চাকরিরত প্রার্থীদের আবেদনপত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে;

৯. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়সের শর্ত শিথিলযোগ্য ও তাদেরকে অগ্রাধিকার দেওয়া যেতে পারে;

১০. প্রার্থীদের লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার তারিখ ও সময় ডাকযোগে/বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে। এ সকল পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না;

১১. নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না;

১২. ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/বিশেষ চাহিদা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করে জমা দিতে হবে;

১৩. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে যাচিত ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর নিয়োগ কার্যক্রম চলাকালীন অথবা পরবর্তীতে যেকোনো সময় প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

১৪. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে;

১৫. কর্তৃপক্ষ কোনো ধরনের কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র ও এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল অথবা নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/সংশোধন ও পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন;

১৬. যেকোনো তদবির কিংবা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে;

১৭. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ০৪ জুলাই ২০২৪ তারিখের ইআবি/রেজি/নিয়োগ/২০২৪/৫০৫ ও ৫০৬ সংখ্যক স্মারকের মাধ্যমে জারীকৃত বিজ্ঞপ্তি অনুযায়ী ইতোমধ্যে যারা বর্ণিত পদসমূহে আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২০.০৩.২০২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১
ই-মেইল: iauregistr@gmail.com